

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪২৮৬

পর্ব ২১: খাদ্য (كتاب الأَطْعَمَة)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - নাকী' ও নবীয সম্পর্কীয় বর্ণনা

### بَابُ النَّقِيعِ وَالْأَنْبِذَةِ

আরবী

عَنْ أَنَسٍ قَالَ: لَقَدْ سَقَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقَدْحِي هَذَا الشَّرَابَ كُلَّهُ:  
الْعَسَلَ وَالنَّبِيذَ وَالْمَاءَ وَاللَّبْنَ. رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

নিহায়াতে এসেছে, নাকী' হলো এমন পানীয় যা আগুর বা অন্যান্য হতে প্রস্তুত করা হয় যা পানিতে ভিজানো হয় পাকানো ছাড়া। আর খেজুর, আগুর, কিসমিস, মধু, গম ও যব ইত্যাদি ভিজিয়ে যে মিঠা শরবত প্রস্তুত করা হয় তা নবীয। যেমন বলা হয়, আমি আগুর ও খেজুরকে নবীয করেছি যখন পানিতে ভিজিয়ে রেখেছি যাতে নবীয হয়। এ নবীয অনেক উপকার বিশেষ করে শক্তি বৃদ্ধিতে।

মীরাক (রহিমাহুল্লাহ) বলেনঃ এটা সর্বসম্মতক্রমে হালাল যতক্ষণ পর্যন্ত মিষ্টি থাকে আর নেশাগ্রস্ত অবস্থায় না পৌঁছে। কেননা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সব নেশাই হারাম। (মিশকাতুল মাসাবীহ)

৪২৮৬-[১] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আমার এ পেয়ালা দ্বারা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বিভিন্ন প্রকারের পানীয় পান করাতাম। যেমন- মধু, নবীয, পানি ও দুধ। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম (২০০৮)-৮৯, আল মু'জামুল আওসাত্ব ২৭৪৫, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৩৩, আবু দাউদ ৩৭১১, সহীহ ইবনু মাজাহ ৩৩৯৮, আস্ সুনানুস সুগরা ৩৬৭৩, আস্ সুনানুন্ নাসায়ী আল কুবরা ৬৮৫২, মা'রিফাতুস সুনান ওয়াল আসার লিল বায়হাক্বী ৫৪৭২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ উদ্দেশ্য হলো নবীয যতক্ষণ না তা নেশার সীমায় পৌঁছে। (শারহুন নাবাবী ১৩শ খন্ড, হাঃ ২০০৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75009>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন